দৈনিক ই[illegible]ফাক 08 JUL 1988 4 পৃঃ

021

# ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকা

## এম,এড, কোর্স

## শিক্ষাবর্ষ ১৯৮৮-৮৯ ইং

১। ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকার এম,এড, কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

২। উক্ত কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদের সংযুক্ত ছক মোতাবেক সাদা কাগজে লিখিত আবেদনপত্র ১৯৮৮ সালের ৫ই আগষ্ট তারিখের মধ্যে শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষের নিকট পৌঁছাইতে হইবে।

৩। আবেদনকারীকে আবেদনের সাথে তাঁহার সাম্প্রতিককালের পাসপোর্ট সাইজের দুই কপি ফটো (গেজেটেড অফিসার/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা কর্তৃক সত্যায়িত) এবং প্রয়োজনীয় ডাকটিকিট ও নিজ ঠিকানাযুক্ত একটি খাম প্রেরণ করিতে হইবে।

৪। যাঁহারা কোন স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক স্কুল অথবা মাদ্রাসায় শিক্ষকতা পেশায় নিয়োজিত আছেন তাঁহাদিগকে প্রশিক্ষণ সময়ে (১-৯-৮৮ হইতে ৩০-৬-৮৯ পর্যন্ত) ছুটি মঞ্জুর করা হইবে এই মর্মে সংশ্লিষ্ট স্কুলের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তের কপিসহ দরখাস্ত করিতে হইবে।

৫। প্রার্থীদের কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ (এস,এস,সি হইতে পরবর্তী যে কোন একটি পরীক্ষায় অন্ততঃপক্ষে একটি দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় অথবা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় হইতে উচ্চতর দ্বিতীয় শ্রেণীর বি,এড/ডিপ্লোমা ইন এডুকেশনের ডিগ্রী থাকিতে হইবে।

৬। প্রার্থীদিগকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং স্বাভাবিক ক্ষেত্রে তাহাদের বয়স ৪৫-এর উর্ধ্বে হইবে না। বিশেষ ক্ষেত্রে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং অধ্যক্ষের সুপারিশক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বয়সসীমা শিথিল করিতে পারিবেন।

৭। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর যাঁহারা যোগ্য বলিয়া বিবেচিত হইবেন তাঁহাদিগকে ২৭শে আগষ্ট, শনিবার সকাল ৮:৩০ মিঃ সংশ্লিষ্ট কলেজে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই উদ্দেশ্যে কোন ভ্রমণ ভাতা দেওয়া বা দৈনিক ভাতা দেওয়া হইবে না।

৮। ভর্তি পরীক্ষার পর একই দিনে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে। মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকিলে প্রার্থিগণ ভর্তির জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

৯। অধ্যক্ষ কর্তৃক মহাবিদ্যালয়ের আসন সংখ্যা অনুযায়ী ভর্তি পরীক্ষা ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের একটি তালিকা একই দিনে ২৭শে আগষ্ট (শনিবার) প্রকাশ করা হইবে এবং একই দিনে মেধানুসারে প্রার্থীদের একটি অপেক্ষমাণ তালিকাও প্রকাশ করা হইবে।

১০। নির্বাচিত প্রার্থীদের সকল পরীক্ষা পাসের মূল সনদপত্রসমূহ ও প্রশংসাপত্রসমূহ (যদি থাকে) দাখিল করিয়া এবং শিক্ষা বর্ষের যাবতীয় পাওনা জমা দিয়া ২৮-৩০শে আগষ্ট (রবিবার-মঙ্গলবার) তারিখের মধ্যে ভর্তি হইতে হইবে। ভর্তির সময় মোট দেয় টাকার পরিমাণ ভর্তি পরীক্ষার জন্য প্রেরিত চিঠিতে উল্লেখ থাকিবে।

১১। কোন প্রার্থী নির্ধারিত তারিখে ভর্তি হইতে ব্যর্থ হইলে উক্ত প্রার্থীর ভর্তি বাতিল বলিয়া বিবেচিত হইবে এবং শূন্য আসনটি অপেক্ষমাণ তালিকা হইতে মেধানুসারে পূরণ করা হইবে।

১২। এম,এড সার্বক্ষণিক কোর্স বিধায় উক্ত কোর্সে অধ্যয়নরত কোন ছাত্র/ছাত্রী অন্য কোন কোর্সে অধ্যয়ন করিতে অথবা কোন চাকুরীতে নিয়োজিত হইতে পারিবে না।

১৩। ১-৯-৮৮ তারিখ (বৃহস্পতিবার) হইতে যথারীতি ক্লাস শুরু হইবে এবং ১৯৮৯ সালের ৩০শে জুন পর্যন্ত চলিবে।

১৪। প্রয়োজনবোধে বিস্তারিত বিবরণের জন্য সংশ্লিষ্ট প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সহিত যোগাযোগ করা যাইতে পারে।

(রাশিদা বেগম),
অধ্যক্ষ,
টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।

"ছক"

এম,এড, কোর্সে ভর্তির দরখাস্ত
শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকা।

১। প্রার্থীর নাম……  ৬। ১লা আগষ্ট, ১৯৮৮ তারিখে বয়স……
২। পিতার নাম……  ৭। মাতৃভাষা……
৩। স্থায়ী ঠিকানা……  ৮। অভিজ্ঞতা……
৪। বর্তমান ঠিকানা…  ৯। শিক্ষাগত যোগ্যতা (উত্তীর্ণ পরীক্ষাসহ এস,এস,সি হইতে পরবর্তী)।
৫। জন্ম তারিখ……

| পরীক্ষার নাম | যে শিক্ষা প্রতিষ্ঠান হইতে পাস করিয়াছেন | বিভাগ/শ্রেণী | পরীক্ষার সন |
|---|---|---|---|

১০। শিক্ষকতার অভিজ্ঞতা যদি থাকে (প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকার ক্ষেত্রে ম্যানেজিং কমিটি এবং সহকারী শিক্ষক/শিক্ষিকাদের ক্ষেত্রে প্রধান শিক্ষক অথবা প্রধান শিক্ষিকা কর্তৃক প্রদত্ত টেষ্টিমোনিয়াল দ্বারা সমর্থিত হইতে হইবে)।

| যে প্রতিষ্ঠানে চাকুরী করিয়াছেন | চাকুরীর সময়কাল | মোট কত বৎসর চাকুরী করিয়াছেন |
|---|---|---|

ডিএফপি-(স)৮৭৪৮/৪/৭
স—১৮০৪(১৮-২)

আবেদনকারীর স্বাক্ষর……
তারিখ………